




ছাত্রলীগের মিছিলে নিরাপত্তার আশ্বাস, এনসিপি নেতার অডিও ভাইরাল



সংগৃহীত ছবি

চট্টগ্রামে নিষিদ্ধ ঘোষিত ছাত্রলীগের মিছিল ঘিরে জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) এক নেতার কথোপকথনের অডিও সামাজিক যোগাযোগমাধ্যমে ছড়িয়ে পড়ায় নতুন করে আলোচনা শুরু হয়েছে। অডিওতে মিছিলের তথ্য আদান-প্রদান ও নিরাপত্তা সহযোগিতা নিয়ে কথা বলতে শোনা যায়।

রাজনৈতিক সূত্রগুলোর দাবি, অডিওর এক প্রান্তে ছিলেন এনসিপির চট্টগ্রাম মহানগর কমিটির সহ-সাংগঠনিক সম্পাদক হুজ্জাতুল ইসলাম সাঈদ। অপর প্রান্তের ব্যক্তি নিজেকে ছাত্রলীগের কর্মী হিসেবে পরিচয় দেন। বিষয়টি প্রকাশ্যে আসার পর চট্টগ্রাম সাইবার ট্রাইব্যুনালে অভিযোগও করা হয়েছে।

ফাঁস হওয়া অডিওতে কথিত ছাত্রলীগ সংশ্লিষ্ট ব্যক্তি মিছিলের সময় আগে থেকে জানানোর কথা বলেন এবং নিরাপত্তা সহযোগিতা চান। জবাবে হুজ্জাতুল ইসলামকে ইতিবাচক সাড়া দিতে শোনা যায়।

অডিওটি প্রথম ছড়িয়ে পড়ে গত ১৪ মে এনসিপির চট্টগ্রাম মহানগর কমিটি ঘোষণার সময়। সম্প্রতি আবার এটি ভাইরাল হলে রাজনৈতিক অঙ্গনে সমালোচনা ও আলোচনা তীব্র হয়। তবে অভিযোগ অস্বীকার করে হুজ্জাতুল ইসলাম বলেন, তার সঙ্গে আওয়ামী লীগ বা ছাত্রলীগের কোনো ধরনের সম্পর্ক নেই। তিনি দাবি করেন, দীর্ঘদিন ধরে হুমকির মুখে থাকায় পরিস্থিতি সামাল দিতেই ওইভাবে কথা বলেছেন। একই সঙ্গে একটি পক্ষ রাজনৈতিকভাবে তাকে বিতর্কিত করার চেষ্টা করছে বলেও অভিযোগ তোলেন তিনি।